

## 💵 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## শিক্ষণীয় বিষয়সমূহ -২৩ (العبر –২৩)

- (১) হক ও বাতিলের চূড়ান্ত পরীক্ষায় আমীর ও মামূরকে সর্বোচ্চ ভালোবাসা ও অটুট আনুগত্যের বন্ধনে দৃঢ় থাকতে হয়। জিহাদের ময়দানে ও সমাজ জীবনে এটি সমভাবে প্রযোজ্য।
- (২) আল্লাহভীরু ও নির্লোভ আমীরের সাথে দুনিয়াদার ও লোভী কর্মী টিকে থাকতে পারে না। ইবনে উবাই ও তার সাথীদের পৃষ্ঠ প্রদর্শন তার জাজুল্যমান প্রমাণ।
- (৩) দুনিয়াবী লোভ সৎ ও বিশ্বস্ত কর্মীকেও সাময়িকভাবে প্রতারিত করে। যা সর্বোচ্চ ক্ষতির কারণ হয়ে থাকে। বিশ্বস্ত তীরন্দাযদের পদশ্বলন তার বাস্তব প্রমাণ।
- (৪) ভাল ও মন্দ বাছাইয়ের জন্য হকপন্থী সংগঠনের উপর মাঝে-মধ্যে আল্লাহর পক্ষ থেকে পরীক্ষা নেমে আসে। ওহোদের সাময়িক বিপর্যয় আমাদের সেই শিক্ষা দেয়।
- (৫) জান্নাত পিয়াসী মোখলেছ নেতা-কর্মীরাই সর্বদা আখেরাতে বিজয়ী হয়ে থাকে। ওহোদের মত শত বাধা পেরিয়েও ইসলামের অগ্রযাত্রা তার বাস্তব প্রমাণ।
- (৬) ইসলামী বিজয়ের জন্য আল্লাহর উপরে দৃঢ় নির্ভরশীলতা সর্বাপেক্ষা যরূরী।
- (৭) বাতিলপন্থী যত শক্তিধরই হৌক, নৈতিক শক্তির কারণে ইসলামপন্থীদের সামনে তারা সর্বদা দুর্বল। আবু সুফিয়ানের নীরব পশ্চাদামন তার প্রকৃষ্ট প্রমাণ।
- (৮) দুনিয়া ও আখেরাতে বিজয় কেবল আল্লাহভীরুদের জন্যই নির্ধারিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5488

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন